

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৯.৪১১—সাবেক প্রধান বিচারপতি জনাব মাহমুদুল আমীন চৌধুরী গত ২২ ডিসেম্বর ২০১৯ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্মালিগ্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮২ বছর।

২। জনাব মাহমুদুল আমীন চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ৮ পৌষ ১৪২৬/২৩ ডিসেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(৬১)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা : ৮ পৌষ ১৪২৬
২৩ ডিসেম্বর ২০১৯

সাবেক প্রধান বিচারপতি জনাব মাহমুদুল আমীন চৌধুরী গত ২২ ডিসেম্বর ২০১৯ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্মাল্লিহা ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮২ বছর।

জনাব মাহমুদুল আমীন চৌধুরী ১৯৩৭ সালে সিলেট জেলায় জন্মগ্রহণ করেন। তিনি সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় হতে মেট্রিকুলেশন এবং এমসি কলেজ থেকে স্নাতক ডিগ্রি লাভের পর ঢাকা সিটি ল' কলেজ হতে এলএলবি ডিগ্রি অর্জন করেন।

জনাব মাহমুদুল আমীন চৌধুরী ১৯৬৩ সালে সিলেট জেলা বারে আইনজীবী হিসাবে পেশাগত জীবন শুরু করেন। তিনি ১৯৭৫ সালে অতিরিক্ত জেলা ও দায়রা জজ হিসাবে সরাসরি নিয়োগ লাভ করেন এবং ১৯৭৯ সালে জেলা জজ পদমর্যাদায় পদোন্নতি লাভ করেন। কর্মজীবনে তিনি ঢাকা, জামালপুর, ফরিদপুর ও চট্টগ্রামের জেলা ও দায়রা জজ হিসাবে পারদর্শিতা ও সুনামের সঙ্গে তাঁর ওপর অর্পিত দায়িত্ব পালন করেন। ১৯৮৭ সালে জনাব মাহমুদুল আমীন চৌধুরী সুপ্রিম কোর্টের হাইকোর্টের বিচারপতি এবং ১৯৯৯ সালে আপীল বিভাগের বিচারপতি নিযুক্ত হন। এছাড়া তিনি ২০০১ সালের ১ মার্চ থেকে ২০০২ সালের ১৭ জুন পর্যন্ত দেশের ১১তম প্রধান বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করেন।

জনাব মাহমুদুল আমীন চৌধুরী ছিলেন একজন প্রজ্ঞাবান বিচারক। নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে বিচারিক কার্য সম্পাদনের মাধ্যমে ন্যায়বিচার প্রতিষ্ঠার ক্ষেত্রে তিনি বিশেষ খ্যাতি অর্জন করেন। তাঁর সততা, দক্ষতা, বিচক্ষণতা ও কর্মনিষ্ঠা বিচারক হিসাবে তাঁকে এক অনন্য উচ্চতায় প্রতিষ্ঠিত করেছিল।

মন্ত্রিসভা জনাব মাহমুদুল আমীন চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd